দৈনিক বাংলা

তারিখ 14 DEC 1992
পৃষ্ঠা ২ কলাম ৪

# ভার্সিটি ছাত্র শিক্ষকদের শান্তি মিছিল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র–শিক্ষক–কর্মকর্তা–কর্মচারীরা রোববার ক্যাম্পাসে শান্তি মিছিল বের করেন।

শান্তি মিছিল শুরু হয় সকাল এগারটায় অপরাজেয় বাংলার সামনে থেকে। ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদের নেতৃত্বে বের করা এই শান্তি মিছিলে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, ডাকসু এবং ১৬টি ছাত্র সংগঠনের নেতৃবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের ছাত্র–ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা যোগ দেন। দুই লাইনের দীর্ঘ মিছিলটি টিএসসি, কার্জন হল, সায়েন্স এ্যানেক্স ভবন, শহীদ মিনার, ফুলার রোড ঘুরে আবার অপরাজেয় বাংলার সামনে এসে শেষ হয়। যথাসময়ে মিছিল শুরু হওয়ায় দেরীতে এসে পৌঁছানো অনেক ছাত্র–ছাত্রী ও শিক্ষক মিছিলে যোগ দিতে পারেননি। উল্লেখ্য, মিছিলে যোগ দেয়ার সুবিধার্থে বেলা এগারটা থেকে বারটা পর্যন্ত

(৭–এর পৃঃ ৮–এর কঃ দ্রঃ)

## ভার্সিটি ছাত্র শিক্ষকদের

(প্রথম পাতার পর)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাস এবং অফিস বন্ধ রাখা হয়।

**বরিশাল**

নিজস্ব সংবাদদাতা, বরিশাল থেকে জানান, রোববার বিকালে অশ্বিনী কুমার হলের সামনে থেকে এক সর্বদলীয় শান্তি মিছিল বের হয়। বিভিন্ন রাজনৈতিক দল ও সামাজিক সাংস্কৃতিক গোষ্ঠী এই মিছিলে অংশ নেয়। মিছিলকারীরা 'হিন্দু মুসলিম ভাই ভাই বাংলাদেশে বিবাদ নাই' এই শ্লোগান দেয়।

**ফেনী**

নিজস্ব সংবাদদাতা ফেনী থেকে জানান, আজ রোববার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিএনপি ও আওয়ামী লীগ এবং এই সংগঠনগুলো এক শান্তি সভায় মিলিত হয়। সভায় বিএনপির পক্ষে নেতৃত্ব দেন মাহবুব আলম তারা। আওয়ামী লীগের পক্ষে ছিলেন জয়নাল আবেদীন হাজারী। সম্মেলনে যে কোন মূল্যে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার অঙ্গীকার করা হয়।

বিকালে হুইপ মাহবুব আলম তারা দুর্গত এলাকা চরদরবেশ, চরচান্দিয়া প্রভৃতি অঞ্চল পরিদর্শন করেন।